

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, মোংলা, বাণেশ্বরহাট।  
[নিলাম শাখা]  
www.mch.portal.gov.bd



নথি নং- এস/৩০/নিলাম/০২-২০২৪/মোংলা/২৩-২৪/ ৪০২৭ ( )

তারিখ : 16 MAY 2024

বিষয়ঃ নিলাম বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

মোংলা কাস্টম হাউস, মোংলা'র অধীনে আগামী ০৬/০৬/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য নিলাম সেল নং: ০৩/২০২৪ এর নিলাম বিজ্ঞপ্তি আপনার প্রচারিত পত্রিকার ২ কলাম ৬ ইঞ্চিতে প্রকাশপূর্বক প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তির ০২ (দুই) টি কপি এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ প্রকাশিতব্য বিজ্ঞপ্তি-  
০১ (এক) পাতা।

Rubel  
16.05.24  
(মোঃ রুবেল হাসান)  
সহকারী কমিশনার  
যুগ্ম-কমিশনারের পক্ষে।

প্রাপ্তক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সম্পাদক, দৈনিক সমকাল, ৫ম তলা, ৩৮৭, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা (সাদা কালো রং-এ)।
২. সম্পাদক, দৈনিক প্রবাহ, ৩, কেডিএ এডিনিউ, খুলনা (সাদা কালো রং-এ)।
৩. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট#এফ ১/এ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ (নিলাম বিজ্ঞপ্তি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী ট্রাফিক ম্যানেজার (প্রোগ্রাম/কন্ট্রোল), মোংলা বন্দর জেটি, মোংলা, বাণেশ্বরহাট (আগ্রহী ক্রেতাদের জেটিতে রক্ষিত গাড়ীসহ ক্যাটালগডুক্ত পণ্য আগামী ২৮/০৫/২০২৪ খ্রি. ও ২৯/০৫/২০২৪ খ্রি. তারিখ সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত দেখানোর ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো)।
৫. সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, মোংলা, বাণেশ্বরহাট (আপনাকে নিলাম বিজ্ঞপ্তি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্রীট রোড, মাঝির ঘাট, ঢুট্রাম (উল্লিখিত তারিখের মধ্যে পত্রিকার প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মোংলা কাস্টম হাউস, মোংলা, বাণেশ্বরহাট  
[নিলাম শাখা]  
www.mch.portal.gov.bd

### “E-Auction বিজ্ঞপ্তি”

মোংলা বন্দর জেটিতে রক্ষিত আমদানিকৃত বিভিন্ন মডেলের রিকভিশন গাড়ী ও অন্যান্য মালামাল 'যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে' নিলাম সেল নং-০৩/২০২৪ এর বিপরীতে ০৬/০৬/২০২৪ খ্রি. তারিখে সিদ্ধ টেন্ডার ও E-Auction এর মাধ্যমে নিলামে বিক্রয়ের লক্ষ্যে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ২১/০৫/২০২৪ খ্রি. তারিখে ওয়েবসাইটে (mch.portal.gov.bd) সংরক্ষিত মূল্যসহ সাময়িক ক্যাটালগ প্রকাশ করা হবে এবং আগামী ০২/০৬/২০২৪ খ্রি. তারিখে চূড়ান্ত ক্যাটালগ প্রকাশ করা হবে। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূলক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

আগামী ২১/০৫/২০২৪ খ্রি. তারিখ হতে ২৯/০৫/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত (ক) মোংলা কাস্টম হাউস, মোংলা, বাণেশ্বরহাট এর নিলাম শাখায় কর্মরত নিলামকারী প্রতিষ্ঠান মেসার্স কে এম কর্পোরেশন; (খ) মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্রাড রোড, মাক্বিরঘাট, চট্টগ্রাম এবং (গ) মেসার্স কে এম কর্পোরেশন, জীবন বীমা ভবন, (২য় তলা) ৮০, মতিঝিল বা/এ, ঢাকা হতে ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে দরপত্র ক্রয় করা যাবে। অনলাইনে দাখিলের ক্ষেত্রে দরপত্র ক্রয়ের আবশ্যিকতা নেই। লটভুক্ত মালামাল আগামী ২৮/০৫/২০২৪ খ্রি. ও ২৯/০৫/২০২৪ খ্রি. তারিখ সকাল ০৯:৩০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

অনলাইনে দরপত্র দাখিলে আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ০৫/০৬/২০২৪ সকাল ০৯:৩০ টা হতে ০৬/০৬/২০২৪ খ্রি. বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd ওয়েবসাইট এ উল্লিখিত E-Auction Software (103.48.18.166/auction/501) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। অনলাইনে দাখিলকৃত দরদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত যে কোন তফসিলি ব্যাংক হতে কমিশনার, মোংলা কাস্টম হাউস এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্বাক্ষর কপি অনলাইনে দাখিল করে এর মূল কপি ও প্রযোজ্য দলিলাদি ০৯/০৬/২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে রাজস্ব কর্মকর্তা (নিলাম), মোংলা কাস্টম হাউস বরাবর দাখিল করতে হবে। উক্ত সময়ের মধ্যে মূল পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি দাখিল বা পাওয়া না গেলে সংশ্লিষ্ট বিড বাতিল বলে গণ্য হবে।

সিদ্ধ টেন্ডারের ক্ষেত্রে আগামী ০৬/০৬/২০২৪ সকাল ০৯:৩০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত (ক) কমিশনার, কাস্টম হাউস, মোংলা, বাণেশ্বরহাট; (খ) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা; (গ) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা দফিন; এবং (ঘ) কাস্টম হাউস, চট্টগ্রাম অফিসে রক্ষিত দরপত্র বাজে দরদাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের অন্যান্য ১০% জামানতসহ দরপত্র দাখিল করা যাবে। প্রাপ্ত দরপত্র আগামী ১০/০৬/২০২৪ খ্রি. তারিখ বেলা ১১:০০ টার সময় সহকারী কমিশনার (নিলাম), মোংলা কাস্টম হাউস, মোংলা, বাণেশ্বরহাট এর অফিস কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। নিলাম সংক্রান্ত নিয়মাবলী ও বিস্তারিত তথ্য সিডিউলে উল্লেখ থাকবে। প্রাথমিক তথ্যের জন্য জনাব মোঃ শফিকুল ইসলাম, রাজস্ব কর্মকর্তা (নিলাম), মোবাইল ০১৭১১-২০৪০৯৮, নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্রাড রোড, মাক্বিরঘাট, চট্টগ্রাম এর পক্ষে জনাব এ কে মুস্তাফিজুর রহমান, (চট্টগ্রাম) মোবাইল ০১৩১০-৭৮৮২৮০ এবং জনাব মোঃ আফাজুর রহমান, (ঢাকা) মোবাইল ০১৮২৩-৫৩০২২৫ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

Rubel  
10.05.24

(মোঃ রুবেল হাসান)

সহকারী কমিশনার

মোংলা কাস্টম হাউস, মোংলা